

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 03-11-2025

Time: 1.40 P.M.

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ একদিনের সফরে এখন কলকাতায়। বণিকসভা ভারত চেম্বার অফ কমার্স – বিসিসি-র ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করবেন তিনি। এই অনুষ্ঠানের মূল ভাবনা ‘বিকশিত ভারত’। আজ সকালে বিমানবন্দর থেকে নেমে তিনি আউট্রাম স্ট্রীটের শ্রী সদনে যান।

দেশের সামগ্রিক উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতি, শিল্পক্ষেত্রের বিস্তার এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিসিসি-র এই অনুষ্ঠানে আলোচনা করবেন উপস্থিত অতিথিরা। শহরের শিল্প-বাণিজ্য ক্ষেত্রে ভারত চেম্বার অফ কমার্স দীর্ঘদিন ধরে যে ভূমিকা পালন করে আসছে, এই অনুষ্ঠান তার এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। ওম বিড়লার উপস্থিতি এই বর্ষপূর্তি উদযাপনকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলবে। জানা গেছে, লোকসভার অধ্যক্ষ দুপুরে ওই অনুষ্ঠানে যোগ দেওয়ার পর কলকাতা রাজ্যভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে বৈঠক করবেন। সন্কেতেই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হচ্ছে আজ থেকে। ৩ রা ডিসেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন প্রার্থীরা। গ্রুপ সি-তে ২ হাজার ৯৮৯ টি এবং গ্রুপ ডি -তে ৫ হাজার ৪৮৮ টি শূন্যপদ রয়েছে। সাধারণ, ওবিসি ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শ্রেণির প্রার্থীদের আবেদনের ফি ৪০০

টাকা। তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও বিশেষভাবে সক্ষম প্রার্থীদের দিতে হবে ১৫০ টাকা। তবে চিহ্নিত অযোগ্যরা কোনওভাবেই আবেদন করতে পারবেন না।
উল্লেখ্য, ২০১৬-র প্যানেল বাতিলের পর সুপ্রিম কোর্টের আদেশ অনুযায়ী নতুন করে নিয়োগের জন্য এই পরীক্ষা নিচ্ছে স্কুল সার্ভিস কমিশন।

সুপ্রিম কোর্টের নির্দেশ মতো ২০১৬ সালে SSC-র মাধ্যমে নিয়োগ প্রাপ্ত ১৬৬ জন যোগ্য শিক্ষককে তাঁদের পুরোনো চাকরীতে নিয়োগ পত্র দেবে মধ্যশিক্ষা পর্ষদ।

আগামী ৬ই নভেম্বর বেলা ১২ টা থেকে পর্ষদের অফিসে এই নিয়োগ পত্র তুলে দেওয়া হবে। পাশাপাশি, এই ধরনের শিক্ষকদের নামের তালিকাও পর্ষদ ওয়েবসাইটে প্রকাশ করবে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী বা SIR-এর প্রস্তুতির প্রশিক্ষণপর্ব আজ সোমবারের মধ্যে সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। শনিবার থেকে এই চূড়ান্ত প্রশিক্ষণপর্ব শুরু হয়েছে। কলকাতায় নজরুল মঞ্চ ছাড়াও কলেজ স্ট্রীটে ডিরোজিও হল, জেসপ বিল্ডিং এবং অন্যান্য নির্দিষ্ট কেন্দ্রে চলে প্রশিক্ষণ। প্রশিক্ষণে, বিএলওদের হাতে বিশেষ কীট, টুপি এবং এনুমারেশন ফর্ম পূরণের নমুনা দেওয়া হয়। বুথ ভিত্তিক ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ, যাচাই ও ফর্ম পূরণের প্রক্রিয়া সম্পর্কে হাতেকলমে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলও-দের হাতে তুলে দেওয়া হয়েছে।

অবৈধভাবে ভারতে প্রবেশ করে প্রায় ১৩ বছর এদেশে বসবাস করার পর এক বাংলাদেশীর খোঁজ পাওয়া গেছে। বাংলাদেশের সাতক্ষীরা জেলার দেভাটার রশিদুল গাজী প্রথমে তামিলনাড়ুতে কাজ করতে যান। পরবর্তীতে উত্তর ২৪ পরগণার শ্রীধরকাটি এলাকায় এক ভারতীয় মহিলাকে সে বিয়ে করে। এরপর তার শ্বশুরকে বাবা বলে পরিচয় দিয়ে আধার কার্ড তৈরি করেছে। বিরোধী সিপিআইএম-এর অভিযোগ, এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের বিধায়ক যুক্ত আছেন।

নদীয়ার চাকদহ থানার পরারী গ্রামে একটি বাড়িতে হানা দিয়ে জাল নথি দিয়ে ভুয়ো পাসপোর্ট কাণ্ডে ইডি আজ তিনজনকে আটক করেছে। বিপ্লব সরকার নামে পেশায় দিন মজুর এক ব্যক্তির বাড়িতে আজ সকালে ই ডি হানা দেয়। জেরা ও তল্লাশির পর বিপ্লব, তার দাদা বিপুল ও বাবা বিনন্দ সরকারকে আটক করেছে ইডি। বিপ্লব সরকার পেশায় রাজমিস্ত্রি ও বিপুল কাঠমিস্ত্রি।

কলকাতার হরিদেবপুরের নাবালিয়াতে আজ সকালে এক মহিলাকে লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায় বাবলু ঘোষ নামে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সকাল সাড় ৬ টা নাগাদ মৌসুমী হালদার নামে ঐ মহিলা রাস্তা দিয়ে যাওয়ার সময় বাইকে করে দুজন দুষ্কৃতি পিছন থেকে এসে গুলি করে। গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে বাঙ্গুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়, অবস্থার অবনতি হওয়াতে, তাকে এসএসকেএম হাসপাতালে নিয়ে স্থানান্তর করা হয়েছে।

রাজ্যে আইন শৃঙ্খলার অবনতি ও মহিলাদের নিরাপত্তা ব্যাবস্থা ভেঙে পড়েছে বলে দাবি ক’রে আগামী দু’দিন রাজ্যের দুটি পৃথক জায়গায় পদযাত্রা করার জন্য কলকাতা হাইকোর্টে আবেদন জানিয়েছে বিজেপি নেতৃত্ব। আগামীকাল উত্তর চব্বিশ প্রগার সোদপুরে ও ৫ নভেম্বর পূর্ব বর্ধমানে মিছিল করতে চেয়ে প্রশাসনের অনুমতি না মেলায় আদালতের দ্বারস্থ হয়েছে তারা। মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন বিচারপতি কৌশিক চন্দ। আজ দুপুর ২ টোয় মামলার শুনানি।

মুর্শিদাবাদের শামশেরগঞ্জে গরু পাচারকারীদের হামলায় দুই পুলিশকর্মী জখম হয়েছেন। ধানঘরা এবং শিবপুরে গরু পাচারের খবর পেয়ে পুলিশ সেখানে পৌঁছলে পাচারকারীরা তাঁদের ওপর চড়াও হয়। দুই সিভিক ভলিন্টিয়ার এবং এক পুলিশকর্মী আহত হয়েছেন। মোট ৪ জন পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে। তিনটি গরু উদ্ধার করেছে পুলিশ।

পুর্নুলিয়ার কেন্দা রামকৃষ্ণ সারদা মিশনের ছাত্রাবাসে নবম শ্রেণীর এক ছাত্রের অস্বাভাবিক মৃত্যুতে এলাকায় উত্তোজনা সৃষ্টি হয়। গতকাল গভীর রাতে একটি সিলিং ফ্যানে গামছায় ফাঁস লাগানো অবস্থায় ছাত্রটিকে দেখতে পেয়ে তার সহপাঠীরা কর্তৃপক্ষকে খবর দেয়। দ্রুত উদ্ধার করে ঐ ছাত্রটিকে নিকটবর্তী হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। ঘটনার তদন্ত চলছে।

দুঃস্থ কবি,লেখক,সম্পাদকদের সাহায্যার্থে গড়ে ওঠা লিটল ম্যাগাজিনস রাইটার্স ইন নিড গতকাল তাদের সংগঠনের ১৫ বছর পূর্তিতে দক্ষিণ কলকাতার ১৫টি বিভিন্ন জাতের গাছের চারা পুঁতে দৃষ্টান্ত স্থাপন করেছে। সংগঠনের সভাপতি বিশিষ্ট কবি নমিতা চৌধুরী জানান, পরিবেশ ও মানুষের সুস্থতাই যেহেতু কাম্য সে কারণেই বৃক্ষরোপণের মাধ্যমে সুস্থতার বার্তা তারা জনমানসে ছড়িয়ে দিতে চেয়েছেন।

পূর্ব বর্ধমানের শক্তিগড়ের সোনা পলাশীতে বেহাল রাস্তার প্রতিবাদে গ্রামবাসীরা গতকাল দফায় দফায় বিক্ষোভ দেখালে ঐ অঞ্চলের তিনটি রাস্তা তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল বিক্ষোভকারীরা রাস্তা কেটে প্রতিবাদে নামেন। পরবর্তীতে ব্লক উন্নয়ন আধিকারিক দ্রুত রাস্তা মেরামতির আশ্বাস দেওয়ায় অবরোধ প্রত্যাহার করা হয়।

আসন্ন গঙ্গাসাগর মেলাকে সামনে রেখে ভাঙন কবলিত এলাকাগুলিতে যুদ্ধকালীন তৎপরতায় মেরামতিতে নেমেছে প্রশাসন। গতকাল সাগরের বিস্তীর্ণ অঞ্চল পরিদর্শন করেন রাজ্যের অতিরিক্ত মুখ্য সচিব মনিশ জৈন ও সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরা। তাঁদের সঙ্গে ছিলেন সাগরের বিডিও কানাইয়া কুমার রাই-সহ প্রশাসনের আধিকারিকরা। বেনুবন ঘাট, সাউ ঘেরী, কপিল মুনির আশ্রম সংলগ্ন ১ থেকে ৬ নম্বর স্নানঘাট, চাঁপাতলা ও কশতলা অঞ্চলের নদী বাঁধ এবং কচুবেড়িয়া পয়েন্টের জেটিঘাট ঘুরে দেখেন তাঁরা। সাম্প্রতিক ভাঙনে ক্ষতিগ্রস্ত ঘাট ও বাঁধগুলি দ্রুত মেরামতির নির্দেশ দেওয়া হয়েছে। এ বছর গঙ্গাসাগরে রেকর্ড সংখ্যক পুণ্যার্থীর ভিড়ের অনুমান করছে প্রশাসন। মেলা নির্বিঘ্নে সম্পন্ন করতে পরিকাঠামো উন্নয়ন ও নিরাপত্তা ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

পূর্ব বর্ধমানের মেমারীতে অনুষ্ঠিত হলো সহস্র কণ্ঠে গীতা পাঠ। মেমারী শ্রীমদভাগবত পাঠ কমিটির পক্ষ থেকে গতকাল এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলার নানা প্রান্ত থেকে বহু মানুষ এতে অংশ নেন। আয়োজকদের দাবি, হিন্দু সমাজের ঐক্যবদ্ধতার বার্তা ছড়িয়ে দিতেই এই মহাযজ্ঞের আয়োজন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বামী প্রদীপ্তানন্দ কার্তিক মহারাজ, স্বামী নিরঞ্জনানন্দজী ব্রহ্মচারী মহারাজ সহ একাধিক সাধু-সন্ত। এই গীতা পাঠের মঞ্চ থেকেই আগামী ৭ ডিসেম্বর কলকাতার ব্রিগেড ময়দানে ৫ লক্ষ কণ্ঠে গীতা পাঠ-এর আহ্বান জানানো হয়।
